



Bangladesh Christian Fellowship of Australia

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া

প্রতিবাদ লিপি

বিষয়: বাংলাদেশে খ্রীষ্টান সম্প্রদায়, অন্যান্য ধর্মীয় মতাবলম্বী ও প্রগতিশীল ব্যক্তিদের উপর সন্ত্রাসী হামলা ও হুমকির প্রতিবাদ।

প্রেসক: বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া।

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া সিডনীতে বসবাসকারী বাংলাদেশী অস্ট্রেলিয়ানদের নিয়ে গঠিত একটি অরাজনৈতিক সামাজিক সংগঠন। জন্মলগ্ন থেকেই এই প্রতিষ্ঠানটি স্থানীয় বাংলাদেশী সমাজের সর্বস্তরের সদস্যদের সাথে মিলেমিশে সামাজিক, ধর্মীয় ও সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। এ সংগঠন বাংলাদেশে সংগঠিত বিভিন্ন ঘটনাবলীর প্রতিও অনুভূতিশীল।

বাংলাদেশের সাম্প্রতিক খ্রীষ্টান ধর্মীয় নেতাদের উপর সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া এর সদস্যবৃন্দ গভীর উদ্বেগ ও প্রতিবাদ জানাচ্ছে। উগ্র সাম্প্রদায়িক সন্ত্রাসীরা সমপ্রতি পাবনা, রংপুর, দিনাজপুর ও ঢাকা সহ বাংলাদেশের বিভিন্ন স্থানে খ্রীষ্টান ধর্মীয় যাজক, নেতা ও সাধারণ ধর্মালম্বীদের হত্যার উদ্দেশ্যে হামলা করে চলছে। এছাড়াও বিভিন্ন স্থানের খ্রীষ্টান সম্প্রদায়ের অনেক নেতৃস্থানীয় সদস্যদের হুমকি প্রদান সহ ভয়-ভীতি প্রদর্শন করছে।

খ্রীষ্টান সম্প্রদায় ব্যতীত সন্ত্রাসীরা অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান ও ব্যক্তি এবং মুক্তমনা প্রগতিশীল বুদ্ধিজীবীদের হত্যা ও জীবনের হুমকি প্রদানের পরিপ্রেক্ষিতে এ সংগঠনের সদস্যরা তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাচ্ছে।

আমরা এ সমস্ত ঘটনাবলীর তীব্র নিন্দা জানিয়ে, দেশের সকল নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকারকে আহ্বান জানাচ্ছি।

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ এর সদস্যরা মনে করে যে যারা বাংলাদেশের স্থিতিশীলতা বিনষ্ট করার জন্য এসমস্ত কর্মকাণ্ডের সহিত জড়িত তারা কখনই বাংলাদেশের ও জনগনের উন্নতি ও স্থিতিশীলতা কামনা করে না।

এ সংগঠনের সদস্যরা আশা করে যে সরকারের সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার স্বদিচ্ছা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রেখে অবিলম্বে সন্ত্রাসীদের চিহ্নিত করে তাদের বিচার করা।

স্বাক্ষর

রোনাল্ড পাত্র

সভাপতি

ডেইজী মিঠু বিশ্বাস

সাধারণ সম্পাদক